



স্মারক নং : ০২/শিক্ষা/বি.বি-২০২৪/৩২৪
Ref. No.

তারিখ : ২৫/০৬/২০২৪
Date:

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে A, B ও C ইউনিটে শিক্ষার্থী
ভর্তির কোটা সংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ :

ক্রমিক	কোটার নাম	আসন সংখ্যা	বিভাগীয় শর্ত
০১	মুক্তিযোদ্ধা (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র-কন্যা পাওয়া না গেলে নাসি-নাসিনী)	মূল আসনের ৫% (১০২ জন)	কোন বিভাগের আসন সংখ্যার ৫% এর বেশী নয়
০২	নিশেম কোটা		
	(ক) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী	সর্বোচ্চ ১৩ জন	কোন বিভাগে ১ জনের বেশী নয়
	(খ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অশুভ্র)	সর্বোচ্চ ০৪ জন	কোন বিভাগে ১ জনের বেশী নয়
	(গ) শারীরিক প্রতিবন্ধী	সর্বোচ্চ ১৭ জন	কোন বিভাগে ১ জনের বেশী নয়
	(ঘ) খেলোয়াড়	সর্বোচ্চ ০৯ জন	বিভাগসমূহের মধ্যে সমভাবে বন্টিত হবে
০৩	পোষ্য	শর্ত পূরণ করলে সকলেই	মেধার ভিত্তিতে বিভাগসমূহের মধ্যে সমভাবে বন্টিত হবে

কোটার ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :

- (ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সর্ধলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্রের ফটোকপি কোটার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সেই সাথে গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে সম্পর্কের প্রত্যয়নপত্র, সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (খ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসি ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (গ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অশুভ্র) সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এই কোটার প্রার্থীদের প্রয়োজনে মেডিকেল টেস্টে অংশগ্রহণ করতে হবে।
- (ঙ) খেলোয়াড় কোটায় আবেদনকারীদেরকে বাংলাদেশ জাতীয় দলের অথবা যে কোনো বয়সভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রমাণপত্র অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে এমন সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এই কোটার প্রার্থীদের প্রয়োজনে ফিল্ড টেস্টে অংশ গ্রহণ করতে হবে।
- (চ) শুধুমাত্র এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের পূর্ণ পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

Arades
15.06.24

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

Arades
25.06.2024